৫. আবেদন করার সময় Application Form পূরণ করার নিয়ম ও অন্যান্য শর্তাবলী উল্লিখিত ওয়েবসাইটে পাওয়া যাবে।

৬. আবেদন ফি: অফেরতযোগ্য টাঃ ২০০/- আবেদনের সময় Bangla QR এর মাধ্যমে প্রদান করতে হবে।
ফি প্রদান ও Payment Verification এর শেষ তারিখ ও সময় : ০৬/০৮/২০২৬ তারিখ, রাত ১১.৫৯ টা।

৭. অনলাইনে আবেদন করার পর সংশ্লিষ্ট প্রার্থী Bangla QR code সম্বলিত একটি Payment Page পাবেন। মোবাইল ফোনের Payment App (Bangla QR সাপোর্ট করে এরূপ ব্যাংক/MFS) এর মাধ্যমে Bangla QR স্ক্যান করে টাঃ ২০০/- আবেদন ফি হিসেবে পরিশোধ করতে হবে। ফি প্রদান করার পর প্রার্থী কর্তৃক প্রদত্ত মোবাইল নম্বরে SMS প্রেরণ করা হবে। SMS প্রাপ্তির পর ওয়েবসাইটে প্রার্থীকে Verify Payment Link-এ Click করে Payment Verification সম্পন্ন করতে হবে, অন্যথায় আবেদন অসম্পূর্ণ রয়ে যাবে। Payment Verification সম্পন্ন হওয়ার পর প্রার্থীকে Tracking ID Number সম্বলিত একটি Tracking Page প্রদর্শন করা হবে। Payment Confirm করার পর প্রার্থী Tracking Page টি ভবিষ্যতে ব্যবহারের জন্য সংরক্ষণ করবেন। পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোড এবং পরবর্তী বিভিন্ন কাজে Tracking Page টি প্রয়োজন হবে। Payment Verification না করলে আবেদন অসম্পূর্ণ অবস্থায় বাতিল হবে এবং payment refund এর সুযোগ থাকবে না।

৮. বাংলাদেশ ব্যাংকের নিয়োগ সংক্রান্ত ওয়েবসাইট (erecruitment.bb.org.bd)-এ যাদের CV রয়েছে, তারা তাদের উক্ত CV এর মাধ্যমে আবেদন করবেন। প্রার্থীর নাম এবং পিতা ও মাতার নাম এস.এস.সি/সমমানের সনদে যে ভাবে লেখা আছে অনলাইন আবেদনপত্রে হুবহু সে ভাবে লিখতে হবে। নাম, পিতা ও মাতার নাম, শিক্ষাগত যোগ্যতা, মোবাইল নম্বর, ঠিকানা ইত্যাদি সংক্রান্ত তথ্যে অসামঞ্জস্য/ভুল থাকলে প্রার্থীরা আবেদনের সময় নিজ উদ্যোগে সংশোধন/আপডেট করে নিতে হবে। যাদের CV নেই তারা ওয়েবসাইটে প্রদত্ত নির্দেশনা অনুযায়ী অনলাইন আবেদনের ক্ষেত্রে নতুন CV তৈরি করবেন এবং নির্ধারিত স্থানে স্বাক্ষর ও সদ্য তোলা Formal রঙিন ছবি আপলোড করবেন। স্বাক্ষর এবং ছবির ব্যাকগ্রাউন্ড অবশ্যই সাদা হতে হবে। স্বাক্ষর এবং ছবি আপলোডে ত্রুটি/বিচ্যুতির বিষয়ে সাবধানতা অবলম্বনের পরামর্শ প্রদান করা হলো। আবেদনপত্রে অসামঞ্জস্য/ভুল তথ্য থাকলে সংশোধনের সুযোগ থাকবে না এবং কোনো প্রকার যোগাযোগ ব্যতিরেকেই প্রার্থিতা বাতিল করা হবে।

৯. অনলাইনে আবেদন করার পর প্রার্থী কর্তৃক CV Identification Number, Tracking Number ও Password যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোড এবং পরবর্তী বিভিন্ন কাজে বর্ণিত তথ্যসমূহ প্রয়োজন হবে।

১০. প্রার্থীদের প্রিলিমিনারি পরীক্ষা এবং/অথবা লিখিত পরীক্ষা ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১১. প্রিলিমিনারি পরীক্ষা গৃহীত হলে পরীক্ষার পাস নম্বর বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্ধারিত হবে, এ ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের সিদ্ধান্তই চূড়ান্ত হবে। লিখিত পরীক্ষার মাধ্যমে মৌখিক পরীক্ষার জন্য প্রার্থী সংখ্যা নির্ধারণের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের সিদ্ধান্ত চূড়ান্ত মর্মে গণ্য হবে। OMR Form/ উত্তরপত্রে রোল নম্বর সঠিকভাবে না লিখলে, সঠিকভাবে বৃত্ত পূরণ না করলে, উত্তরপত্রে/হাজিরাশীটে স্বাক্ষর প্রদান না করলে বা কোনরূপ কাটাকাটি করলে প্রার্থিতা বাতিল হবে।

১২. প্রার্থীদেরকে প্রাথমিকভাবে কোনো দলিলাদি প্রেরণ করতে হবে না। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে আবেদনপত্রে প্রদত্ত তথ্যাদির সমর্থনে প্রয়োজনীয় দলিলাদিসহ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য উপস্থিত থাকতে হবে। দাখিলকৃত দলিলাদির সঠিকতা যাচাই সাপেক্ষে তাদেরকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।

১৩. চাকরিরত প্রার্থীগণ তাদের নিয়োগকারী কর্তৃপক্ষের পূর্বানুমোদনক্রমে আবেদন করতে পারবেন। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে নিয়োগকারী কর্তৃপক্ষের অনাপত্তিপত্র মৌখিক পরীক্ষার বোর্ডে দাখিল করতে হবে। অন্যথায় প্রার্থীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেওয়া হবে না।

১৪. আবেদনে প্রদত্ত স্থায়ী ঠিকানার সপক্ষে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/ পৌরসভার মেয়র/ কাউন্সিলর/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ নোটারি পাবলিক কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র মৌখিক পরীক্ষার বোর্ডে জমা দিতে হবে। বিবাহিত মহিলা প্রার্থীগণ স্থায়ী ঠিকানা হিসেবে যদি স্বামীর ঠিকানা ব্যবহার করেন সেক্ষেত্রে সনদপত্র উক্ত স্থায়ী ঠিকানার সপক্ষে হতে হবে।

১৫. নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সর্বশেষ সরকারি নীতিমালা অনুসরণ করা হবে।

১৬. কোন ক্ষেত্রে দলিলাদির ঘাটতি থাকলে বা পরবর্তীতে কোন প্রার্থীর যোগ্যতার ঘাটতি পাওয়া গেলে বা দুর্নীতি, অসত্য তথ্য প্রদান, কোন জাল সনদ দাখিল, অসদুপায় অবলম্বন, প্রতারণার আশ্রয় নিলে বা আবেদনপত্রে গুরুতর (Substantive) ত্রুটি বা ঘাটতি দেখা গেলে বা প্রদত্ত তথ্য মিথ্যা প্রমাণিত হলে নিয়োগ প্রক্রিয়ার যে কোন পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে।

১৭. আবেদনের শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে পর্যাপ্ত সময় নিয়ে আবেদন করার পরামর্শ প্রদান করা হলো।

১৮. বাংলাদেশ ব্যাংক কর্তৃপক্ষ প্রার্থীদের কাউকে নিয়োগ প্রদান করা বা না করা অথবা নিয়োগ প্রক্রিয়া যে কোন পর্যায়ে বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

(মোঃ শহীদ রেজা)
পরিচালক (এইচআরডি-১)

# বাংলাদেশ ব্যাংক

হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-১
(রিক্রুটমেন্ট এন্ড আউটসোর্সিং উইং)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা।

বিজ্ঞপ্তি নং: ৫২/২০২৬

তারিখ: ১৭ আষাঢ় ১৪৩৩ / ০১ জুলাই ২০২৬

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ব্যাংকে 'সহকারী পরিচালক (আইসিটি)' এর ৬৯ টি পদে নিয়োগের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

১. গ্রেড এবং বেতন স্কেল :
  ক. নবম গ্রেড
  খ. জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর টাকা ২২০০০-২৩১০০-২৪২৬০-২৫৪৮০-২৬৭৬০-২৮১০০-২৯৫১০-৩০৯৯০-৩২৫৪০-৩৪১৭০-৩৫৮৮০-৩৭৬৮০-৩৯৫৭০-৪১৫৫০-৪৩৬৩০-৪৫৮২০-৪৮১২০-৫০৫৩০-৫৩০৬০ স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধাদি।

২. শিক্ষাগত যোগ্যতা :
  ক. স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ কম্পিউটার ইঞ্জিনিয়ারিং/ ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং/ ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন সিস্টেমস এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/ ইলেক্ট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/ ইলেক্ট্রনিক্স এন্ড টেলিকমিউনিকেশন্স ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি/ ইনফরমেশন টেকনোলজি/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/ সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং/ কম্পিউটার সায়েন্স এন্ড সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং/ কম্পিউটার সায়েন্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং সংশ্লিষ্ট বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদী স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী।
  খ. মাধ্যমিক স্কুল সার্টিফিকেট এবং তদূর্ধ্ব পর্যায়ের পরীক্ষাসমূহে ন্যূনতম ২(দুই) টিতে প্রথম বিভাগ/শ্রেণি বা সমমানের জি.পি.এ থাকতে হবে।
  গ. শিক্ষা জীবনের কোনো পর্যায়েই ৩য় বিভাগ/শ্রেণি বা সমমানের জি.পি.এ গ্রহণযোগ্য হবে না।
  ঘ. (১) শিক্ষা মন্ত্রণালয়ের ০২/০৩/২০১০ তারিখের প্রজ্ঞাপন নং শিম/শাঃ১১/১৯-১/২০০৭/১৭৪ অনুযায়ী এস.এস.সি বা সমমান এবং এইচ.এস.সি বা সমমান পরীক্ষার ফলাফলের ক্ষেত্রে বর্তমানে প্রচলিত জি.পি.এ বা ক্ষেত্রমত, সি.জি.পি.এ-এর বিপরীতে পূর্বের ১ম, ২য় ও ৩য় বিভাগ নিম্নরূপে নির্ধারিত হবে:

| ৫.০০ পয়েন্ট স্কেলে | সমতুল্য বিভাগ |
|---|---|
| জি.পি.এ ৩.০০ বা তদূর্ধ্ব | প্রথম বিভাগ |
| জি.পি.এ ২.০০ থেকে ৩.০০ এর কম | দ্বিতীয় বিভাগ |
| জি.পি.এ ১.০০ থেকে ২.০০ এর কম | তৃতীয় বিভাগ |

  (২) শিক্ষা মন্ত্রণালয়ের ০২/০৬/২০০৯ তারিখের প্রজ্ঞাপন নং শিম/শাঃ১১/৫-১(অংশ)/৫৮২ অনুযায়ী অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সি.জি.পি.এ-এর ক্ষেত্রে বর্তমানে প্রচলিত জি.পি.এ বা ক্ষেত্রমত, সি.জি.পি.এ এর বিপরীতে পূর্বের ১ম, ২য় ও ৩য় শ্রেণি/বিভাগ নিম্নরূপে নির্ধারিত হবে:

| অর্জিত সি.জি.পি.এ | | সমতুল্য শ্রেণি/বিভাগ |
|---|---|---|
| ৪.০০ পয়েন্ট স্কেলে | ৫.০০ পয়েন্ট স্কেলে | |
| ৩.০০ বা তদূর্ধ্ব | ৩.৭৫ বা তদূর্ধ্ব | প্রথম শ্রেণি/বিভাগ |
| ২.২৫ বা তদূর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম | ২.৮১৩ বা তদূর্ধ্ব কিন্তু ৩.৭৫ এর কম | দ্বিতীয় শ্রেণি/বিভাগ |
| ১.৬৫ বা তদূর্ধ্ব কিন্তু ২.২৫ এর কম | ২.০৬৩ বা তদূর্ধ্ব কিন্তু ২.৮১৩ এর কম | তৃতীয় শ্রেণি/বিভাগ |

  ঙ. O' Level এবং A' Level এর ক্ষেত্রে এ দেশীয় সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate), বিদেশী বিশ্ববিদ্যালয় হতে প্রাপ্ত ডিগ্রীর ক্ষেত্রে দেশীয় সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়/ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন/ উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate) অনুযায়ী ডিগ্রী ও ফলাফলের তথ্য প্রদান করতে হবে।

৩. বয়সসীমা (০১/০৭/২০২৬ তারিখে):
  ক. সকল প্রার্থীদের ক্ষেত্রে বয়স ২১ হতে ৩২ বছর।
  খ. প্রার্থীর বয়স কম বা বেশি হলে আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

৪. আগ্রহী প্রার্থীদেরকে ০৫/০৭/২০২৬ তারিখ হতে ০৩/০৮/২০২৬ তারিখের মধ্যে শুধু বাংলাদেশ ব্যাংকের নিয়োগ সংক্রান্ত ওয়েবসাইট (erecruitment.bb.org.bd)-এ Online Application Form পূরণের মাধ্যমে আবেদন করতে হবে। Online Application Form-এ পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক প্রকাশিত পরীক্ষার ফলাফলের তারিখ অবশ্যই উল্লেখ করতে হবে। ০৩/০৮/২০২৬ তারিখ বা তৎপূর্বে যাদের ০৪ বছর মেয়াদী স্নাতক ডিগ্রীর ফলাফল প্রকাশিত হয়েছে/হবে তারা আবেদনের যোগ্য হবেন।

# বাংলাদেশ ব্যাংক

হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-১

(রিক্রুটমেন্ট এন্ড আউটসোর্সিং উইং)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা।

বিজ্ঞপ্তি নং: ৫৫/২০২৬

তারিখ: ২৪ আষাঢ় ১৪৩৩ / ০৮ জুলাই ২০২৬

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ব্যাংকে 'সহকারী পরিচালক (পরিসংখ্যান)' এর ৩৩ টি পদে নিয়োগের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

১. গ্রেড এবং : ক. নবম গ্রেড

বেতন স্কেল : খ. জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর টাকা ২২০০০-২৩১০০-২৪২৬০-২৫৪৮০-২৬৭৬০-২৮১০০-২৯৫১০-৩০৯৯০-৩২৫৪০-৩৪১৭০-৩৫৮৮০-৩৭৬৮০-৩৯৫৭০-৪১৫৫০-৪৩৬৩০-৪৫৮২০-৪৮১২০-৫০৫৩০-৫৩০৬০ স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধাদি।

৩. শিক্ষাগত যোগ্যতা: ক. স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় হতে অর্থনীতি অথবা পরিসংখ্যানে বা ফলিত পরিসংখ্যানে চার বছর মেয়াদী স্নাতক(সম্মান)/স্নাতকোত্তর ডিগ্রী।

খ. মাধ্যমিক স্কুল সার্টিফিকেট এবং তদূর্ধ্ব পর্যায়ের পরীক্ষাসমূহে ন্যূনতম ২(দুই) টিতে প্রথম বিভাগ/শ্রেণি বা সমমানের জি.পি.এ থাকতে হবে।

গ. শিক্ষা জীবনের কোনো পর্যায়েই ৩য় বিভাগ/শ্রেণি বা সমমানের জি.পি.এ গ্রহণযোগ্য হবে না।

ঘ. (১) শিক্ষা মন্ত্রণালয়ের ০২/০৩/২০১০ তারিখের প্রজ্ঞাপন নং শিম/শাঃ১১/১৯-১/২০০৭/১৭৪ অনুযায়ী এস.এস.সি বা সমমান এবং এইচ.এস.সি বা সমমান পরীক্ষার ফলাফলের ক্ষেত্রে বর্তমানে প্রচলিত জি.পি.এ বা ক্ষেত্রমত, সি.জি.পি.এ এর বিপরীতে পূর্বের ১ম, ২য় ও ৩য় বিভাগ নিম্নরূপে নির্ধারিত হবে:

| ৫.০০ পয়েন্ট স্কেলে | সমতুল্য বিভাগ |
|---|---|
| জি.পি.এ ৩.০০ বা তদূর্ধ্ব | প্রথম বিভাগ |
| জি.পি.এ ২.০০ থেকে ৩.০০ এর কম | দ্বিতীয় বিভাগ |
| জি.পি.এ ১.০০ থেকে ২.০০ এর কম | তৃতীয় বিভাগ |

(২) শিক্ষা মন্ত্রণালয়ের ০২/০৬/২০০৯ তারিখের প্রজ্ঞাপন নং শিম/শাঃ১১/৫-১(অংশ)/৫৮২ অনুযায়ী অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সি.জি.পি.এ- এর ক্ষেত্রে বর্তমানে প্রচলিত জি.পি.এ বা ক্ষেত্রমত, সি.জি.পি.এ এর বিপরীতে পূর্বের ১ম, ২য় ও ৩য় শ্রেণি/বিভাগ নিম্নরূপে নির্ধারিত হবে:

| অর্জিত সি.জি.পি.এ | | সমতুল্য শ্রেণি/বিভাগ |
|---|---|---|
| ৪.০০ পয়েন্ট স্কেলে | ৫.০০ পয়েন্ট স্কেলে | |
| ৩.০০ বা তদূর্ধ্ব | ৩.৭৫ বা তদূর্ধ্ব | প্রথম শ্রেণি/বিভাগ |
| ২.২৫ বা তদূর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম | ২.৮১৩ বা তদূর্ধ্ব কিন্তু ৩.৭৫ এর কম | দ্বিতীয় শ্রেণি/বিভাগ |
| ১.৬৫ বা তদূর্ধ্ব কিন্তু ২.২৫ এর কম | ২.০৬৩ বা তদূর্ধ্ব কিন্তু ২.৮১৩ এর কম | তৃতীয় শ্রেণি/বিভাগ |

ঙ. O' Level এবং A' Level এর ক্ষেত্রে এ দেশীয় সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate), বিদেশী বিশ্ববিদ্যালয় হতে প্রাপ্ত ডিগ্রীর ক্ষেত্রে দেশীয় সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়/ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন/ উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate) অনুযায়ী ডিগ্রী ও ফলাফলের তথ্য প্রদান করতে হবে।

৩. বয়সসীমা (০১/০৭/২০২৬ তারিখে):

ক. সকল প্রার্থীদের ক্ষেত্রে বয়স ২১ হতে ৩২ বছর।

খ. প্রার্থীর বয়স কম বা বেশি হলে গ্রহনযোগ্য হবে না।

৪. আগ্রহী প্রার্থীদেরকে ১২/০৭/২০২৬ তারিখ হতে ১০/০৮/২০২৬ তারিখের মধ্যে শুধু বাংলাদেশ ব্যাংকের নিয়োগ সংক্রান্ত ওয়েবসাইট (erecruitment.bb.org.bd)-এ Online Application Form পূরণের মাধ্যমে আবেদন করতে হবে। Online Application Form-এ পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক প্রকাশিত পরীক্ষার ফলাফলের তারিখ অবশ্যই উল্লেখ করতে হবে। ১০/০৮/২০২৬ তারিখ বা তৎপূর্বে যাদের ০৪ বছর মেয়াদী স্নাতক ডিগ্রীর ফলাফল প্রকাশিত হয়েছে/হবে তারা আবেদনের যোগ্য হবেন।

৫. আবেদন করার সময় Application Form পূরণ করার নিয়ম ও অন্যান্য শর্তাবলী উল্লিখিত ওয়েবসাইটে পাওয়া যাবে।

৬. আবেদন ফি: অফেরতযোগ্য টাঃ ২০০/- আবেদনের সময় Bangla QR এর মাধ্যমে প্রদান করতে হবে।

ফি প্রদান ও Payment Verification এর শেষ তারিখ ও সময়: ১৩/০৮/২০২৬ তারিখ, রাত ১১.৫৯ টা।

৭. অনলাইনে আবেদন করার পর সংশ্লিষ্ট প্রার্থী Bangla QR code সম্বলিত একটি Payment Page পাবেন। মোবাইল ফোনের Payment App (Bangla QR সাপোর্ট করে এরূপ ব্যাংক/MFS) এর মাধ্যমে Bangla QR স্ক্যান করে টাকা ২০০/- আবেদন ফি হিসেবে পরিশোধ করতে হবে। ফি প্রদান করার পর প্রার্থী কর্তৃক প্রদত্ত মোবাইল নম্বরে SMS প্রেরণ করা হবে। SMS প্রাপ্তির পর ওয়েবসাইটে প্রার্থীকে Verify Payment Link-এ Click করে Payment Verification সম্পন্ন করতে হবে, অন্যথায় আবেদন অসম্পূর্ণ রয়ে যাবে। Payment Verification সম্পন্ন হওয়ার পর প্রার্থীকে Tracking ID Number সম্বলিত একটি Tracking Page প্রদর্শন করা হবে। Payment Confirm করার পর প্রার্থী Tracking Page টি ভবিষ্যতে ব্যবহারের জন্য সংরক্ষণ করবেন। পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোড এবং পরবর্তী বিভিন্ন কাজে Tracking Page টি প্রয়োজন হবে। Payment Verification না করলে আবেদন অসম্পূর্ণ অবস্থায় বাতিল হবে এবং payment refund এর সুযোগ থাকবে না।

৮. বাংলাদেশ ব্যাংকের নিয়োগ সংক্রান্ত ওয়েবসাইট (erecruitment.bb.org.bd)-এ যাদের CV রয়েছে, তারা তাদের উক্ত CV এর মাধ্যমে আবেদন করবেন। প্রার্থীর নাম এবং পিতা ও মাতার নাম এস.এস.সি/সমমানের সনদে যে ভাবে লেখা আছে অনলাইন আবেদনপত্রে হুবহু সে ভাবে লিখতে হবে। নাম, পিতা ও মাতার নাম, শিক্ষাগত যোগ্যতা, মোবাইল নম্বর, ঠিকানা ইত্যাদি সংক্রান্ত তথ্য অসামঞ্জস্য/ভুল থাকলে প্রার্থীরা আবেদনের সময় নিজ উদ্যোগে সংশোধন/আপডেট করে নিতে হবে। যাদের CV নেই তারা ওয়েবসাইটে প্রদত্ত নির্দেশনা অনুযায়ী অনলাইন আবেদনের ক্ষেত্রে নতুন CV তৈরি করবেন এবং নির্ধারিত স্থানে স্বাক্ষর ও সদ্য তোলা Formal রঙিন ছবি আপলোড করবেন। স্বাক্ষর এবং ছবির ব্যাকগ্রাউন্ড অবশ্যই সাদা হতে হবে। স্বাক্ষর এবং ছবি আপলোডে ত্রুটি/বিচ্যুতির বিষয়ে সাবধানতা অবলম্বনের পরামর্শ প্রদান করা হলো। আবেদনপত্রে অসামঞ্জস্য/ভুল তথ্য প্রদান সংশোধনের সুযোগ থাকবে না এবং কোনো প্রকার যোগাযোগ ব্যতিরেকেই প্রার্থীতা বাতিল করা হবে।

৯. অনলাইনে আবেদন করার পর প্রার্থী কর্তৃক CV Identification Number, Tracking Number ও Password যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোড এবং পরবর্তী বিভিন্ন কাজে বর্ণিত তথ্যসমূহ প্রয়োজন হবে।

১০. প্রার্থীদের প্রিলিমিনারি পরীক্ষা এবং/অথবা লিখিত পরীক্ষা ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১১. প্রিলিমিনারি পরীক্ষা গৃহীত হলে পরীক্ষার পাশ নম্বর বাংলাদেশ ব্যাংকে কর্তৃক নির্ধারিত হবে, এ ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের সিদ্ধান্তই চূড়ান্ত হবে। লিখিত পরীক্ষার মাধ্যমে মৌখিক পরীক্ষার জন্য প্রার্থী সংখ্যা নির্ধারণের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের সিদ্ধান্ত চূড়ান্ত মর্মে গণ্য হবে। OMR Form/ উত্তরপত্রে কোন নম্বর সঠিকভাবে না লিখলে, সঠিকভাবে বৃত্ত পূরণ না করলে, উত্তরপত্রে/হাজিরাশিটে স্বাক্ষর প্রদান না করলে বা কোনরূপ কাটাকাটি করলে প্রার্থীতা বাতিল হবে।

১২. প্রার্থীদেরকে প্রাথমিকভাবে কোনো দলিলাদি প্রেরণ করতে হবেনা । লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে আবেদনপত্রে প্রদত্ত তথ্যাদির সমর্থনে প্রয়োজনীয় দলিলাদিসহ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য উপস্থিত থাকতে হবে। দাখিলকৃত দলিলাদির সঠিকতা যাচাই সাপেক্ষে তাদেরকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।

১৩. চাকরিরত প্রার্থীগণ তাদের নিয়োগকারী কর্তৃপক্ষের পূর্বানুমোদনক্রমে আবেদন করতে পারবেন। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে নিয়োগকারী কর্তৃপক্ষের অনাপত্তিপত্র মৌখিক পরীক্ষার বোর্ডে দাখিল করতে হবে। অন্যথায় প্রার্থীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেওয়া হবে না।

১৪. আবেদনে প্রদত্ত স্থায়ী ঠিকানার সপক্ষে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/ পৌরসভার মেয়র/ কাউন্সিলর/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ নোটারী পাবলিক কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র মৌখিক পরীক্ষার বোর্ডে জমা দিতে হবে। বিবাহিত মহিলা প্রার্থীগণ স্থায়ী ঠিকানা হিসেবে যদি স্বামীর ঠিকানা ব্যবহার করেন সেক্ষেত্রে সনদপত্র উক্ত স্থায়ী ঠিকানার সপক্ষে হতে হবে।

১৫. নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সর্বশেষ সরকারী নীতিমালা অনুসরণ করা হবে।

১৬. কোন ক্ষেত্রে দলিলাদির ঘাটতি থাকলে বা পরবর্তীতে কোন প্রার্থীর যোগ্যতার ঘাটতি পাওয়া গেলে বা দুর্নীতি, অসত্য তথ্য প্রদান, কোন জাল সনদ দাখিল, অসদুপায় অবলম্বন, প্রতারণার আশ্রয় নিলে বা আবেদনপত্রে গুরুতর (Substantive) ত্রুটি বা ঘাটতি দেখা গেলে বা প্রদত্ত তথ্য মিথ্যা প্রমাণিত হলে নিয়োগ প্রক্রিয়ার যে কোন পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে।

১৭. আবেদনের শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে পর্যাপ্ত সময় নিয়ে আবেদন করার পরামর্শ প্রদান করা হলো।

১৮. বাংলাদেশ ব্যাংকে কর্তৃপক্ষ প্রার্থীদের কাউকে নিয়োগ প্রদান করা বা না করা অথবা নিয়োগ প্রক্রিয়া যে কোন পর্যায়ে বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

(মোঃ শহীদ রেজা)
পরিচালক (এইচআরডি-১)

ডিসিপি: ৪৮/২০২৬-১৮৩৪
তারিখ: ০৯/০৭/২০২৬

ব্যাংক ও আর্থিক সেবা পেতে, হয়রানির শিকার হলে কিংবা কোনো অভিযোগ থাকলে ১৬২৩৬ নম্বরে ফোন করুন।

GD-1746

**বাংলাদেশ ব্যাংক**
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
**প্রধান কার্যালয়**
মতিঝিল, ঢাকা-১০০০

**ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়**
ই-মেইল- info.bscs@bb.org.bd

**বিজ্ঞপ্তি নম্বর : ২৬০/২০২৬**

তারিখ : ১৪ শ্রাবণ, ১৪৩৩
২৯ জুলাই, ২০২৬

# নিয়োগ বিজ্ঞপ্তি

ব্যাংকার্স সিলেকশন কমিটি (BSC) -এর সদস্যভুক্ত বিভিন্ন ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে নিম্নোক্ত পদসমূহে নিয়োগের নিমিত্ত প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে প্যানেল প্রস্তুতির লক্ষ্যে প্রকৃত বাংলাদেশি নাগরিকের নিকট হতে Online এ দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্রঃ নং | পদের নাম ও গ্রেড | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫) | পদ সংখ্যা (কম/বেশি) | সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান | Job ID | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|---|
| ১. | সিনিয়র অফিসার (IT) (গ্রেড-০৯) | টাঃ ২২,০০০-৫৩,০৬০ এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা। | ৩৬টি | অগ্রণী ব্যাংক পিএলসি -৩০টি<br>বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক পিএলসি- ০৬টি | 26104 | (ক) স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি/ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/ সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং/ইনফরমেশন টেকনোলজি/কম্পিউটার সায়েন্স এন্ড সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং/কম্পিউটার সায়েন্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বা সমমান[১২] বিষয়ে স্নাতকসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা ০৪ (চার) বছর মেয়াদী স্নাতক/স্নাতক (সম্মান) ডিগ্রি থাকতে হবে।<br>(খ) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/সমমান এবং তদূর্ধ্ব পর্যায়ের পরীক্ষাসমূহে ন্যূনতম ২টি তে প্রথম বিভাগ/শ্রেণি থাকতে হবে। গ্রেডিং পদ্ধতির ফলাফলের ক্ষেত্রে সরকারি নীতিমালা প্রযোজ্য হবে।<br>(গ) শিক্ষাজীবনে কোনো পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য হবে না। |
| ২. | অফিসার (IT)/ এমআইএস এবং আইসিটি অফিসার (গ্রেড-১০) | টা:১৬,০০০-৩৮,৬৪০ এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা। | ২৩১টি | সোনালী ব্যাংক পিএলসি-১৪৬টি<br>রূপালী ব্যাংক পিএলসি -৮০টি<br>কর্মসংস্থান ব্যাংক -০৫টি | 26105 | (ক) স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি/ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/ সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং/ইনফরমেশন টেকনোলজি/কম্পিউটার সায়েন্স এন্ড সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং/কম্পিউটার সায়েন্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বা সমমান[১২] বিষয়ে স্নাতকসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা ০৪ (চার) বছর মেয়াদী স্নাতক/স্নাতক (সম্মান) ডিগ্রি থাকতে হবে।<br>(খ) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/সমমান এবং তদূর্ধ্ব পর্যায়ের পরীক্ষাসমূহে ন্যূনতম ১টি তে প্রথম বিভাগ/শ্রেণি থাকতে হবে। গ্রেডিং পদ্ধতির ফলাফলের ক্ষেত্রে সরকারি নীতিমালা প্রযোজ্য হবে।<br>(গ) শিক্ষাজীবনে কোনো পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য হবে না। |
| ৩. | এসিস্ট্যান্ট প্রোগ্রামার/ সহকারী প্রোগ্রামার (গ্রেড-০৯) | টা: ২২,০০০-৫৩,০৬০ এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা। | ২৮টি | সোনালী ব্যাংক পিএলসি -১৪টি<br>রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক -০৩টি<br>ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ -০২টি<br>কর্মসংস্থান ব্যাংক -০৯টি | 26106 | (ক) স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি/ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/ সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং/ইনফরমেশন টেকনোলজি/কম্পিউটার সায়েন্স এন্ড সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং/কম্পিউটার সায়েন্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বা সমমান[১২] বিষয়ে স্নাতকসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা ০৪ (চার) বছর মেয়াদী স্নাতক/স্নাতক (সম্মান) ডিগ্রি থাকতে হবে।<br>(খ) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/সমমান এবং তদূর্ধ্ব পর্যায়ের পরীক্ষাসমূহে ন্যূনতম ২টি তে প্রথম বিভাগ/শ্রেণি থাকতে হবে। গ্রেডিং পদ্ধতির ফলাফলের ক্ষেত্রে সরকারি নীতিমালা প্রযোজ্য হবে।<br>(গ) শিক্ষাজীবনে কোনো পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য হবে না।<br>(ঘ) স্বীকৃত/নিবন্ধিত কোনো প্রফেশনাল কম্পিউটার সোসাইটির সদস্য/সহযোগী সদস্য হতে হবে। |
| ৪. | এসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার(IT) /এসিস্ট্যান্ট মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (গ্রেড-০৯) | টা: ২২,০০০-৫৩,০৬০ এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা। | ১৪টি | সোনালী ব্যাংক পিএলসি -১২টি<br>বাংলাদেশ কৃষি ব্যাংক-০২টি | 26107 | (ক) স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি/ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/ইনফরমেশন টেকনোলজি/কম্পিউটার সায়েন্স এন্ড সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং/কম্পিউটার সায়েন্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং এবং ইনফরমেশন সিস্টেমস এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বা সমমান[১২] বিষয়ে স্নাতকসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা ০৪ (চার) বছর মেয়াদী স্নাতক/স্নাতক (সম্মান) ডিগ্রি থাকতে হবে।<br>(খ) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/সমমান এবং তদূর্ধ্ব পর্যায়ের পরীক্ষাসমূহে ন্যূনতম ২টি তে প্রথম বিভাগ/শ্রেণি থাকতে হবে। গ্রেডিং পদ্ধতির ফলাফলের ক্ষেত্রে সরকারি নীতিমালা প্রযোজ্য হবে।<br>(গ) শিক্ষাজীবনে কোনো পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য হবে না। |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৫. | সহকারী সিস্টেম ইঞ্জিনিয়ার (গ্রেড-০৯) | টা: ২২,০০০-৫৩,০৬০ এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা। | ০৩টি | কর্মসংস্থান ব্যাংক- ০৩টি | 26108 | (ক) স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি/সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন টেকনোলজি/কম্পিউটার সায়েন্স এন্ড সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং/কম্পিউটার সাইন্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বা সমমান[১২] বিষয়ে অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪(চার) বছর মেয়াদী স্নাতক ডিগ্রি থাকতে হবে।<br>(খ) কোনো স্বীকৃত পেশাদার কম্পিউটার সোসাইটির সহযোগী সদস্য হতে হবে।<br>(গ) শিক্ষাজীবনে কোনো পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য হবে না। |
| ৬. | এসিস্ট্যান্ট ডাটাবেইজ এডমিনিস্ট্রেটর (গ্রেড-০৯) | টা: ২২,০০০-৫৩,০৬০ এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা। | ০২টি | সোনালী ব্যাংক পিএলসি - ০২টি | 26109 | (ক) স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/ সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন টেকনোলজি/ কম্পিউটার সায়েন্স এন্ড সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং/ কম্পিউটার সায়েন্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বা সমমান[১২] বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদী স্নাতক/স্নাতক (সম্মান) ডিগ্রি থাকতে হবে।<br>(খ) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/সমমান এবং তদূর্ধ্ব পর্যায়ের পরীক্ষাসমূহে ন্যূনতম ২টি তে প্রথম বিভাগ/শ্রেণি থাকতে হবে। গ্রেডিং পদ্ধতির ফলাফলের ক্ষেত্রে সরকারি নীতিমালা প্রযোজ্য হবে।<br>(গ) শিক্ষাজীবনে কোনো পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য হবে না। |
| ৭. | এসিস্ট্যান্ট সিস্টেম এনালিস্ট (গ্রেড-০৬) | টা:৩৫,৫০০-৬৭,০১০ এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা। | ০২টি | রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক- ০২টি | 26110 | (ক) স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয়, ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশনস ইঞ্জিনিয়ারিং বা এপ্লাইড ফিজিক্স এন্ড ইলেকট্রনিক্স বিষয়ে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি থাকতে হবে।<br>(খ) শিক্ষাজীবনে কোনো পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য হবে না<br>(গ) সংশ্লিষ্ট কাজে অন্যূন ৩ (তিন) বছরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৮. | এসিস্ট্যান্ট ডাটাবেইজ এডমিনিস্ট্রেটর (গ্রেড-০৬) | টা:৩৫,৫০০-৬৭,০১০ এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা। | ০১টি | রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক- ০১টি | 26111 | (ক) স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয়, ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশনস ইঞ্জিনিয়ারিং বা এপ্লাইড ফিজিক্স এন্ড ইলেকট্রনিক্স বিষয়ে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি থাকতে হবে।<br>(খ) শিক্ষাজীবনে কোনো পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য হবে না<br>(গ) সংশ্লিষ্ট কাজে অন্যূন ৩ (তিন) বছরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৯. | প্রোগ্রামার (গ্রেড-০৬) | টা:৩৫,৫০০-৬৭,০১০ এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা। | ০১টি | আনসার ভিডিপি উন্নয়ন ব্যাংক -০১ টি | 26112 | (ক) স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি বিষয়ে অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪(চার) বছর মেয়াদি স্নাতক বা সমমানের ডিগ্রি থাকতে হবে।<br>খ) কোনো সরকারি /স্বায়ত্তশাসিত/আধাস্বায়ত্তশাসিত/সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে সিনিয়র কম্পিউটার অপারেটর/সহকারী প্রোগ্রামার/ সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী হিসেবে অন্যূন ০৪ (চার) বছরের চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে।<br>(গ) শিক্ষাজীবনে কোনো পরীক্ষায় ৩য় বিভাগ/ শ্রেণি গ্রহণযোগ্য হবে না |
| ১০. | ডাটাবেইজ এডমিনিস্ট্রেটর (গ্রেড-০৬) | টা:৩৫,৫০০-৬৭,০১০ এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা। | ০২টি | কর্মসংস্থান ব্যাংক -০২টি | 26113 | ক) স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বা ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি বিষয়ে অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি থাকতে হবে।<br>খ) সরকার স্বীকৃত প্রতিষ্ঠানে সহকারী ডাটাবেইজ এডমিনিস্ট্রেটর/ সহকারী প্রোগ্রামার বা সমমান পদে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে।<br>গ) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/সমমান এবং তদূর্ধ্ব পর্যায়ের পরীক্ষাসমূহে ন্যূনতম ২টি তে প্রথম বিভাগ/শ্রেণি থাকতে হবে। গ্রেডিং পদ্ধতির ফলাফলের ক্ষেত্রে সরকারি নীতিমালা প্রযোজ্য হবে।<br>ঘ) শিক্ষাজীবনে কোনো পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য হবে না। |

চলমান পাতা-০৩

ঝ. **Application Fee Payment পদ্ধতি:** ডাচ বাংলা ব্যাংক পিএলসি এর মোবাইল ফাইনান্সিয়াল সার্ভিস (MFS) **'রকেট'** এর অ্যাপ বা ম্যানুয়াল পদ্ধতির 'Bill Pay' অপশন ব্যবহার করে ফি প্রদান করতে হবে। এক্ষেত্রে Biller ID হিসেবে Bankers Selection Committee Secretariat অথবা 499 সিলেক্ট করতে হবে। পরবর্তীতে পর্যায়ক্রমে **সংশ্লিষ্ট Job ID Number, নিজ CV ID Number এর ১ম অংশ {হাইফেন (-) এর আগের অংশ},** ফি এর পরিমাণসহ প্রয়োজনীয় তথ্য ব্যবহার করে ফি প্রদান করতে হবে। ফি প্রদান করলে প্রার্থী Transaction ID (TxnID) নম্বর সংবলিত একটি মেসেজ পাবেন। **প্রাপ্ত TxnID নম্বরটি ব্যবহার করে প্রার্থীকে অবশ্যই 'ঞ' ক্রমিকে উল্লিখিত পদ্ধতিতে পৃথকভাবে Payment Verification সম্পাদন করতে হবে। অন্যথায় আবেদন অসম্পূর্ণ রয়ে যাবে।**
****আবেদন ফি'র** Payment পদ্ধতি সম্পর্কে বিস্তারিত জানতে https://erecruitment.bb.org.bd/ onlineapp/rocketpreepay.pdf ওয়েবসাইটটি ভিজিট করতে হবে।

ঞ. **Payment Verification:** ফি প্রদানের পর প্রাপ্ত TxnID নম্বরটি বাংলাদেশ ব্যাংকের erecruitment ওয়েবসাইটের **Verify Payment** লিংকে গিয়ে নির্দিষ্ট ফিল্ডে বসিয়ে প্রার্থীকে Payment Verification সম্পাদন করতে হবে। **কোনো আবেদনকারী নির্ধারিত সময়ের মধ্যে Payment Verification সম্পন্ন না করলে তার আবেদন বাতিল হয়ে যাবে এবং পরবর্তীতে Admit Card ডাউনলোড করতে পারবে না।** ভুল JOB ID বা ভুল CV ID ব্যবহারপূর্বক ফি জমা দিলে, একই JOB ID এর বিপরীতে একাধিকবার ফি জমা দিলে বা নির্দিষ্ট সময়ের মধ্যে Payment Verify না করলে আবেদন ফি **ফেরৎ প্রদান কিংবা সমন্বয় করা সম্ভব হবে না।**

ট. **Tracking Page সংগ্রহ:** Payment Verification সম্পন্ন হওয়ার পর প্রার্থীকে Tracking ID Number সম্বলিত একটি Tracking Page প্রদান করা হবে। Tracking Page টি প্রার্থীর আবেদন দাখিলের প্রমানস্বরূপ নিজের কাছে সংরক্ষণ করতে হবে। **আবেদন দাখিলের সর্বশেষ সময়ের পরে কোনো অবস্থাতেই Tracking Page এর Duplicate Copy সরবরাহ করা হবে না।**

ঠ. একজন প্রার্থী কোনো একটি পদের বিপরীতে একবারই আবেদন দাখিল করতে পারবেন। দাখিলকৃত আবেদন পরিবর্তন, পরিমার্জন কিংবা বাতিল করা যাবে না। কাজেই আবেদন দাখিলের পূর্বে CV-তে উল্লিখিত তথ্যাদির (নাম, পিতা ও মাতার নাম, জন্ম তারিখ ইত্যাদি) সঠিকতা এবং প্রতিষ্ঠান পছন্দক্রম সতর্কতার সাথে যাচাইপূর্বক আবেদন দাখিল করতে হবে। আবেদনে প্রদত্ত সার্বিক তথ্য, ছবি, স্বাক্ষর ইত্যাদি যাচাই-বাছাই পূর্বক প্রাথমিকভাবে যোগ্য বিবেচিত প্রার্থীকে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ প্রদান করা হবে।

১৮। প্রাথমিকভাবে যোগ্য বিবেচিত সকল প্রার্থীর প্রবেশপত্র ও নির্বাচনী পরীক্ষার তারিখ সংক্রান্ত বিজ্ঞপ্তি যথাসময়ে বাংলাদেশ ব্যাংকের নিয়োগ সংক্রান্ত ওয়েবসাইট ও প্রযোজ্য ক্ষেত্রে জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশ করা হবে।

১৯। প্রার্থীকে প্রাথমিক নির্বাচনী, লিখিত এবং মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের প্রস্তুতি রাখতে হবে। পরীক্ষা পদ্ধতি, পরীক্ষার বিষয় ও বিষয়ভিত্তিক নম্বর বন্টন পরবর্তীতে নিয়োগ সংক্রান্ত ওয়েবসাইট (https://erecruitment.bb.org.bd) এ প্রকাশ করা হবে।

২২। প্রার্থীকে Online আবেদনের সময় কোনোরূপ কাগজপত্র প্রেরণ করতে হবে না। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীকে অনলাইন আবেদনে প্রদত্ত প্রতিটি তথ্যের সপক্ষে যথাযথ সনদ/প্রত্যয়নপত্র মৌখিক পরীক্ষার দিন দাখিল করতে হবে। Online আবেদনে প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যের সঠিকতা যাচাইয়ান্তে কোনো গুরুতর (substantive) ত্রুটি ধরা পড়লে তিনি মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না। তাছাড়া, মৌখিক পরীক্ষা শেষে প্যানেল প্রস্তুতিকালে কোনো প্রকার ত্রুটি পরিলক্ষিত হলেও প্রার্থীকে প্যানেলভুক্ত করা হবে না।

২২। চাকুরিরত প্রার্থীকে তার নিয়োগকারী কর্তৃপক্ষের পূর্বানুমোদনক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার দিন উক্ত অনুমোদনের কপি প্রদর্শন করতে হবে।

২৩। নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারি সর্বশেষ নীতিমালা ও অন্যান্য বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।

২৪। সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান তাদের স্ব স্ব বিধিবিধান অনুসরণপূর্বক চূড়ান্ত নিয়োগ প্রদান করবে।

২৫। শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে আবেদনপত্র দাখিল, নির্ধারিত ফি প্রদান ও Payment Verify সম্পন্ন করতঃ Tracking Page টি হার্ডকপি ও সফটকপি আকারে সংরক্ষণ করার জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।

**বিশেষ দ্রষ্টব্য: ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহের চাহিদার প্রেক্ষিতে শূন্য পদের সংখ্যা সংশোধন এবং অনিবার্য কারণবশত নিয়োগ প্রক্রিয়ার যে কোনো পর্যায়ে তা বাতিল করার অধিকার বিএসসিএস সংরক্ষণ করে।**

**স্বাক্ষরিত/-**
**(মিজানুর রহমান আকন)**
পরিচালক (বিএসসিএস) ও
সদস্য সচিব, বিএসসি

১১। **সকল পদের জন্য শিক্ষাগত যোগ্যতার মান নির্ধারণী নির্দেশনা:**

গ্রেডিং পদ্ধতিতে প্রকাশিত ফলাফলের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের ০২/০৬/২০০৯ ও ০২/০৩/২০১০ তারিখের প্রজ্ঞাপন নং যথাক্রমে শিম/শাঃ১১/৫-১(অংশ)/৫৮২ এবং শিম/শাঃ১১/১৯-১/২০০৭/১৭৪ অনুযায়ী বর্তমান প্রচলিত GPA বা ক্ষেত্রমত, CGPA এর বিপরীতে পূর্বের ১ম ও ২য় বিভাগ/শ্রেণি নিম্নরূপে নির্ধারিত হবে:

(১) SSC বা সমমান এবং HSC বা সমমান পরীক্ষার ফলাফলের ক্ষেত্রে-

| | |
|---|---|
| জিপিএ ৩.০০ বা তদূর্ধ্ব | প্রথম বিভাগ |
| জিপিএ ২.০০ থেকে ৩.০০ এর কম | দ্বিতীয় বিভাগ |

(২) অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত CGPA এর ক্ষেত্রে-

| অর্জিত CGPA | | সমতুল্য শ্রেণি/বিভাগ |
|---|---|---|
| ৪.০০ পয়েন্ট স্কেলে | ৫.০০ পয়েন্ট স্কেলে | |
| ৩.০০ বা তদূর্ধ্ব | ৩.৭৫ বা তদূর্ধ্ব | প্রথম বিভাগ/শ্রেণি |
| ২.২৫ বা তদূর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম | ২.৮১৩ বা তদূর্ধ্ব কিন্তু ৩.৭৫ এর কম | দ্বিতীয় বিভাগ/শ্রেণি |

** প্রার্থী 'O' Level ও 'A' Level পাশ হলে দেশীয় সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট এবং বিদেশি বিশ্ববিদ্যালয় হতে ডিগ্রি প্রাপ্ত হলে দেশীয় সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন/শিক্ষা মন্ত্রণালয় বা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সমমান সার্টিফিকেট অনুযায়ী ডিগ্রি ও ফলাফলের (শ্রেণি/বিভাগ/জিপিএ/সিজিপিএ উল্লেখসহ) তথ্য সম্বলিত ডকুমেন্ট মৌখিক পরীক্ষার সময় চেকিং বোর্ডে অবশ্যই দাখিল করতে হবে। অন্যথায় প্রার্থী মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না।

১২। **সমমান বিষয় প্রসঙ্গে:**

যে সকল আবেদনকারী ১ নং হতে ৬ নং ক্রমিকের পদের শিক্ষাগত যোগ্যতার কলামে উল্লিখিত বিষয় ব্যতীত সমমানের অন্য কোন বিষয়ে ডিগ্রিধারী, তাদেরকে মৌখিক পরীক্ষার সময় আবশ্যিকভাবে নিজ বিশ্ববিদ্যালয়ের **পরীক্ষা নিয়ন্ত্রক/রেজিস্ট্রার** এর অফিস কর্তৃক ইস্যুকৃত একটি প্রত্যয়নপত্র (Equivalency Certificate) প্রদর্শন করতে হবে যেখানে স্পষ্টভাবে উল্লেখ থাকবে যে আবেদনকারীর অধীত বিষয়টি সংশ্লিষ্ট পদের শিক্ষাগত যোগ্যতার কলামে উল্লিখিত একটি বিষয়ের সমমানের।

১৩। **বয়স: ০১/০৪/২০২৬ তারিখে (বয়সের ক্ষেত্রে কোনো এফিডাভিট গ্রহণযোগ্য নয়।)**

ক) ক্রমিক নং-০১ থেকে ০৬ পর্যন্ত পদের প্রার্থীদের বয়স **সর্বনিম্ন ২১ বছর ও সর্বোচ্চ ৩২ বছর।**

খ) ক্রমিক নং-০৭ থেকে ১০ পর্যন্ত পদের প্রার্থীদের **সর্বোচ্চ বয়স ৩৫ বছর।**

১৪। **আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ও সময়: ০১/০৯/২০২৬ তারিখ, রাত ১১.৫৯ টা**

১৫। **ফি প্রদান, Payment Verification এবং Tracking Page সংগ্রহের শেষ তারিখ ও সময়: ০৩/০৯/২০২৬ তারিখ, রাত ১১.৫৯ টা।**

১৬। **আবেদন ফি:** অফেরতযোগ্য টাঃ ২০০/- (দুইশত টাকা) মাত্র। ফি প্রদান সংক্রান্ত বিস্তারিত তথ্যের জন্য ১৭ (ঝ) দ্রষ্টব্য।

**সকল প্রার্থীকেই (অনগ্রসর নাগরিক গোষ্ঠীভুক্ত প্রার্থীসহ) আবেদন ফি বাবদ টা: ২০০/- হারে প্রদান করতে হবে। শুধুমাত্র **অনগ্রসর নাগরিক গোষ্ঠীভুক্ত** প্রার্থীদের জন্য সরকার নির্ধারিত আবেদন ফি টা: ৫০/-(টাকা পঞ্চাশ মাত্র)। অবশিষ্ট অর্থ ফেরত প্রাপ্তির নিমিত্তে প্রয়োজনীয় দলিলাদির স্ক্যান (ডিজিটাল) কপিসহ https://erecruitment.bb.org.bd/onlineapp/apply_fee_rfnd.php এর মাধ্যমে অনগ্রসর নাগরিক গোষ্ঠীভুক্ত প্রার্থীকে আবেদন করতে হবে। পরবর্তীতে তাদের আবেদন ও দাখিলকৃত দলিলাদি যাচাই সাপেক্ষে তাদের প্রাপ্য অর্থ আবেদন ফি প্রদানের জন্য ব্যবহৃত রকেট একাউন্টে ফেরত প্রদান করা হবে।

১৭। **আবেদন পদ্ধতি:**

ক. **Online Registration:** বাংলাদেশ ব্যাংকের নিয়োগ সংক্রান্ত ওয়েবসাইট (https://erecruitment.bb.org.bd) এ ইতঃপূর্বে নিবন্ধনকৃত প্রার্থী তার বিদ্যমান CV ID Number এবং Password ব্যবহার করে আবেদন করতে পারবেন।
একজন **নতুন প্রার্থী** তার পছন্দের পদের পাশে 'Apply Online' এ ক্লিক করলে যে পেইজটি ওপেন হবে, তার নিচের অংশে 'Register Now' লিংক পাবেন। উক্ত লিংকে গিয়ে সঠিক তথ্য দিয়ে নির্ধারিত ছক পূরণ করতঃ 'Submit Application' এ ক্লিক করলে উক্ত পদে তার আবেদন দাখিল সম্পন্ন হবে এবং তিনি একই সাথে একটি **CV ID Number** পাবেন। এই CV ID Number এবং Password ভবিষ্যতে ব্যবহারের জন্য অবশ্যই সংরক্ষণ করতে হবে এবং এর সাহায্যে একজন প্রার্থী তার জন্য প্রযোজ্য সকল পদে আবেদন দাখিল করবেন। **একজন প্রার্থী একের অধিক CV তৈরী করতে পারবেন না।**

খ. **প্রার্থীর বিবরণ:** প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম এবং জন্ম তারিখ অবশ্যই **এসএসসি অথবা সমমানের সনদ অনুযায়ী** Online আবেদনে লিখতে হবে।

গ. **প্রার্থীর বর্তমান ঠিকানা:** প্রার্থীর বর্তমান বসবাসের স্থান এবং নিয়োগ সংক্রান্ত চিঠিপত্র পেতে ইচ্ছুক ঠিকানাকে বর্তমান ঠিকানা হিসেবে উল্লেখ করতে হবে।

ঘ. **প্রার্থীর স্থায়ী ঠিকানা:** প্রার্থীর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত জাতীয়তা সনদে উল্লিখিত স্থায়ী ঠিকানাকে প্রার্থীর স্থায়ী ঠিকানা হিসেবে উল্লেখ করতে হবে। বিবাহিত মহিলা প্রার্থী তার স্বামীর ঠিকানাকে নিজের স্থায়ী ঠিকানা হিসেবে ব্যবহার করতে পারবেন। এছাড়া আবেদন দাখিলের পরে কোনো মহিলা প্রার্থী বিবাহবন্ধনে আবদ্ধ হলে যথাযথ প্রমাণ সাপেক্ষে স্বামীর স্থায়ী ঠিকানার অনুকূলে নিজের স্থায়ী ঠিকানা পরিবর্তন করতে পারবেন।

ঙ. **ছবি (Photo):** ইতঃপূর্বে নিবন্ধনকৃত প্রার্থী বিদ্যমান ছবি ব্যবহার করতে পারবেন। তবে নতুন প্রার্থীকে অবশ্যই নির্ধারিত স্থানে পাসপোর্ট সাইজের 600x600 pixel ও file size 100 KB এর বেশি নয় এরূপ মাপের অনধিক তিন মাস পূর্বে তোলা ফরমাল পোষাকে রঙিন ছবি (সাদা ব্যাকগ্রাউন্ড সম্বলিত) scan করে আপলোড করতে হবে। **ছবি তোলার সময় মুখ ও কানের উপর আবরণ রাখা যাবে না।** সাদাকালো, Informal এবং অস্পষ্ট বা ঘোলাটে ছবি আপলোড করলে প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে।

চ. **স্বাক্ষর (Signature):** নির্ধারিত স্থানে 300x80 pixel ও file size 60 KB এর বেশি নয় এরূপ মাপের (প্রার্থীর নিজের) স্বাক্ষর scan করে আপলোড করতে হবে। স্বাক্ষর অবশ্যই সাদা কাগজের উপর কালো কালিতে হতে হবে। scan করার সময় লক্ষ্য রাখতে হবে যেন স্বাক্ষরটি স্পষ্ট, উজ্জ্বল এবং নির্ধারিত স্থানের পুরোটা জুড়ে থাকে।
**নিবন্ধনকৃত কোন প্রার্থীর ছবি/স্বাক্ষর পরিবর্তনের প্রয়োজন হলে **CV ID Number** উল্লেখপূর্বক স্ক্যানকৃত ছবি/স্বাক্ষরসহ (.jpg/.gif/.png ফরম্যাটে) প্রার্থীর নিবন্ধিত ই-মেইল হতে info.bscs@bb.org.bd-এ ই-মেইল প্রেরণ করতে হবে।

ছ. **অর্জিত ডিগ্রির ফলাফলের তারিখ:** পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক প্রকাশিত সংশ্লিষ্ট ডিগ্রির ফলাফল প্রকাশের তারিখ অবশ্যই উল্লেখ করতে হবে। **অর্জিত ডিগ্রির ফলাফল অবশ্যই আবেদন দাখিলের শেষ তারিখ বা তার পূর্বে প্রকাশিত হতে হবে।**

জ. **প্রতিষ্ঠান পছন্দক্রম:** Online আবেদনে প্রার্থীকে নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত প্রত্যেক প্রতিষ্ঠানকে বিবেচনায় নিয়ে প্রতিষ্ঠান পছন্দক্রম নির্ধারণ করতে হবে। চূড়ান্তভাবে মনোনীত প্রার্থীকে তাদের অর্জিত মেধাক্রম এবং Online আবেদনে উল্লিখিত পছন্দক্রম অনুসারে শূন্য পদ থাকা সাপেক্ষে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে নিয়োগের জন্য মনোনীত করা হবে। **আবেদন দাখিলের পর উক্ত পছন্দক্রম কোনো অবস্থাতেই পরিবর্তন করা যাবে না।**